

প্রিয় পরিবারবর্গ,

আমি আশা করছি আপনি ও আপনার প্রিয়জন নিরাপদ ও সুস্থ আছেন।

মার্চ মাস থেকে আপনি এবং আপনার সহ-নিউ ইয়র্কবাসীরা COVID-19 অসাধারণভাবে মোকাবিলা করেছেন। কিন্তু, আপনার হয়তো জানা আছে যে, সিটির কিছু এলাকায় COVID-19 সংক্রমণের হার বৃদ্ধি পেয়েছে। এই এলাকাগুলো ব্রুকলিন ও কুইন্সের নয়টি জিপ কোডে অবস্থিত, এতে আপনার সন্তানের স্কুল যে জিপ কোডে অবস্থিত সেটা অন্তর্ভুক্ত।

অতিরিক্ত সাবধানতা অবলম্বনের জন্য, এবং আপনার পরিবারদের নিরাপদ রাখার জন্য, গতকাল এই এলাকাগুলোতে COVID-19 সংক্রমণ রোধে সহায়তা করার জন্য একটি পরিকল্পনা ঘোষণা করেছেন। এই পরিকল্পনার অন্তর্ভুক্ত, এই জিপ কোডগুলোর সকল স্কুল বিল্ডিং **মঙ্গলবার, 6 অক্টোবর থেকে কমপক্ষে দুই সপ্তাহের জন্য** বন্ধ থাকবে। এর অর্থ হচ্ছে আপনার সন্তানের স্কুল মঙ্গলবার, 6 অক্টোবর থেকে দুই-সপ্তাহের জন্য পুরোপুরি দূর থেকে (রিমোট) শিক্ষণ ও শিক্ষায় স্থানান্তরিত হবে। আপনি পরবর্তী ধাপসমূহ সম্পর্কে আজ আপনার প্রিন্সিপালের কাছ থেকে অবহিত হবেন। আমাদের কমিউনিটিগুলোতে কোরোনাভাইরাস সংক্রমণ রোধ নিশ্চিত করতে সিটি এই পদক্ষেপগুলো গ্রহণ করছে। যখন সংক্রমণের হার 3% -এর নিচে নেমে আসবে, তখন আপনার সন্তানের স্কুল পুনরায় খুলতে পারে—সবচেয়ে কাছাকাছি সময় হচ্ছে বুধবার, 21 অক্টোবর। যদি এই জিপ কোডগুলোতে সংক্রমণের হার 3% বজায় থাকে, তাহলে মেয়র স্কুল বিল্ডিংগুলো বন্ধ রাখার এবং দীর্ঘ সময়ের জন্য অন্যান্য সাবধানতা অবলম্বন করার প্রস্তাব দিচ্ছেন। আমরা পুনরায় খোলা সংক্রান্ত তথ্য আগে থেকেই আপনাকে প্রদান করবো।

এটা লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে এই জিপ কোডের স্কুলগুলোতে সংক্রমণ বৃদ্ধির কোনো প্রমাণ পাওয়া যায়নি, এমনকি এই এলাকা বা নেইবারহুডগুলোতে সংক্রমণের উচ্চ হার স্কুল ভবনগুলো খোলার কারণে হয়েছে এমন কোনো ইঙ্গিতও বহন করে না। এই সুনির্দিষ্ট জিপ কোডগুলোতে সংক্রমণ হ্রাসে সহায়তার জন্য স্কুল ভবনগুলো বন্ধ করা অনেকগুলো পদক্ষেপের একটি।

নয়টি জিপ কোড, যেখানে সামগ্রিকভাবে প্রায় 100-টি DOE-এর স্কুল অবস্থিত, সেই জিপ কোডগুলো হচ্ছে:

এলাকা বা নেইবারহুড	জিপ
এজমিয়্যার (Edgemere)/ফার রকওয়ে (Far Rockaway)	11691
বরো পার্ক (Borough Park)	11219
গ্রেইভসেন্ড (Gravesend)/হোমক্রেস্ট (Homecrest)	11223
মিডউড (Midwood)	11230
বেনসনহাস্ট (Bensonhurst)/মেপলটন (Mapleton)	11204
ফ্ল্যাটল্যান্ড (Flatlands)/মিডউড (Midwood)	11210
গেরিস্টেন বিচ (Gerritsen Beach)/হোমক্রেস্ট (Homecrest)/শিপশেড বে (Sheepshead Bay)	11229
কিউ গার্ডেনস্ (Kew Gardens)	11415
কিউ গার্ডেনস্ হিলস্ (Kew Gardens Hills)/পমোনোক (Pommonok)	11367

আমি জানি যে আপনাদের অনেকের জন্যই, স্কুল বিল্ডিংগুলো যেগুলো আমরা মাত্র পুনরায় খুলেছি, সেগুলো বন্ধ করার সিদ্ধান্ত হতাশজনক, এবং আমি সেটা বুঝি। বিগত দুই সপ্তাহে আমি শিক্ষার্থী ও শিক্ষকদের একত্র হবার মাবোর আনন্দ আমি দেখেছি। কিন্তু, অনুগ্রহ করে জেনে রাখুন যে এই উত্তরণের সময় আপনার শিক্ষার্থী ও আপনার স্কুলকে সহায়তা দিতে আমরা প্রস্তুত আছি। শিক্ষকগণ যেন গতিশীলতা ও কার্যকরভাবে দূর থেকে শিক্ষাদান করতে পারেন সেজন্য আমরা সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করবো। আমরা আপনার সন্তানের শিক্ষাগত শ্রেষ্ঠত্ব অর্জনে অঙ্গীকারবদ্ধ—তারা যেখান থেকেই শিক্ষা গ্রহণ করুক না কেন।

মেয়র এবং আমি আপনার পরিবার, এবং আপনার স্কুল কমিউনিটির সকলের স্বাস্থ্য ও নিরাপত্তা আমাদের সর্বোচ্চ প্রাধান্য হিসেবে বিবেচনা করি, এবং আমরা সেটা সর্বাগ্রে রাখার অঙ্গীকার করেছি। আমি জানি একসাথে কাজ করার মাধ্যমে, আমরা COVID-19 অব্যাহতভাবে রোধ করতে পারি।

আমরা যেখানেই থাকিনা কেন, এই ভাইরাসের সংক্রমণ রোধে এই পদক্ষেপগুলো অব্যাহতভাবে গ্রহণ করা, আমাদের সকলের দায়িত্ব। স্মরণ রাখবেন - "মুখ্য চার": আপনার হাত ধোণ, একটি নাক-মুখের মুখোশ পরিধান করণ, অন্যদের থেকে ছয় ফিট দূরত্ব বজায় রাখুন, এবং অসুস্থ অনুভূত হলে বাড়িতে থাকুন। এই অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলো আমরা সকলেই প্রতিদিন গ্রহণ করতে পারি।

আসন্ন দিনগুলোতে এই দূর থেকে বা রিমোট শিক্ষায় উত্তরণ সম্পর্কে অতিরিক্ত তথ্য এবং মুখ্য বিস্তারিত তথ্য আমরা অব্যাহতভাবে প্রদান করে যাব। যেটাই হোক না কেন, এই গণস্বাস্থ্য সঙ্কটের অব্যাহত পরিবর্তনের পথে, আমরা অব্যাহতভাবে আপনাকে ও DOE-এর পরিবারদের সকলকে দ্ব্যর্থহীনভাবে সহায়তা প্রদান করে যাব। কোনো প্রশ্ন অথবা উদ্বেগ থাকলে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করতে অনুগ্রহ করে দ্বিধা করবেন না।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন